

Bankura University

BA 5th Semester (Programme) Examination, 2021

বাংলা

Course Title: আধুনিক কবিতা

Course ID: 50114

Course Code: APBNG-503-GE-1

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) জীবনানন্দ দাশের 'আকাশলীনা' কবিতাটি কোন মূল কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটিতে মোট কয়টি স্তবক রয়েছে?

খ) জীবনানন্দ দাশ কার কোন কবিতার অনুসরণে 'সমারুড়' কবিতাটি রচনা করেন?

গ) 'ইন্দ্র ধরেছে কুলিশ' কবিতায় 'ইন্দ্র ধরেছে কুলিশ' এই চরণটি কতবার ব্যবহৃত হয়েছে? 'কুলিশ' শব্দটির অর্থ কী?

ঘ) 'যযাতি' কবিতায় যে দুই পৌরাণিক চরিত্রের নাম উল্লেখ আছে তাদের নাম লেখো।

ঙ) 'হেমন্তের অরণ্যে আমি পোস্টম্যান' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যটি কত সালে প্রথম প্রকাশিত হয়?

চ) "শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ থায়।" –কোন কবিতার অংশ 'শহরের অসুখ' বলতে কী বোঝানো হয়েছে?

ছ) "দেয়াল ফাটিয়ে সাড়া দিক হস্তীযুথ।" –কোন কবিতার অংশ? মূল কাব্যগ্রন্থের নাম লেখো।

জ) "আমার আঁচলে বাঁধা দেবী বিষহরি।" –কোন কবিতার অংশ? দেবী বিষহরি কে?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) 'সমারুড়' কবিতায় জীবনানন্দ দাশ তাঁর সমালোচকদের যেভাবে সমালোচনা করেছেন তা লেখো।

খ) শঙ্খ ঘোষের ‘যযাতি’ কবিতাটি যে পৌরাণিক কাহিনি অবলম্বনে রচিত সেটি সংক্ষেপে বিবৃত করো।

গ) “আরোগ্যের জন্য সবুজের ভীষণ দরকার।” – কোন কবিতার অংশ? মন্তব্যটির মধ্যে দিয়ে বক্তার কী মনোভাব প্রকাশ পেয়েছে বুঝিয়ে দাও।

ঘ) মল্লিকা সেনগুপ্তের ‘চল্লিশ চাঁদের আয়ু’ কবিতার বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) জীবনানন্দ দাশের ‘রাত্রি’ কবিতাটিতে কলকাতা শহরের রাত্রির বর্ণনার সঙ্গে মানবসভ্যতার সংকটের রাত্রির যে বর্ণনা আছে তা আলোচনা করো।

খ) শঙ্খ ঘোষ ‘মল্লীমশাই’ কবিতাটিতে দেশভাগের যে কারণ উল্লেখ করেছেন, তা আলোচনা করো।

গ) ‘হেমন্তের অরণ্যে আমি পোস্টম্যান’ কবিতায় শক্তি চট্টোপাধ্যায়ের বক্তব্য নিজের ভাষায় বিশ্লেষণ করো।

ঘ) ‘আম্রপালী’ কবিতার মূল বিষয়বস্তু বুঝিয়ে দাও।